বিএনপির ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে দর্শনায় মোটর-সাইকেল র্যালী

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির আজ রবিবার ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মোটরসাইকেল র্যালি অনুষ্টিত হয়েছে। গতকাল শনিবার ৩১ আগষ্ট বিকাল ৪ টায় দর্শনা পৌর ছাত্রদলের উদ্যোগে দর্শনায় মোটর-সাইকেল র্যালী অনুষ্ঠিত হয়।

মোটরসাইকেল র্যালিটি দর্শনা পুরাতন বাজার থেকে দর্শনা থানা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহবায়ক রিয়েল ইসলাম লিয়ন ও দর্শনা পৌর ছাত্রদলের সদস্য সচিব আব্দুল্লা আল মামুন এর নেত্রীত্বে মোটর সাইকেল র্যালীটি বের হয়ে দর্শনা পৌর সভার ৯টি ওয়ার্ড প্রদক্ষিন করে দর্শনা রেল বাজার বটতলায় এসে শেষ হয়। এরপর একটি পথসভা অনুষ্ঠিত হয়। পথ সভায় সভাপতিত্ব করেন দর্শনা পৌর সদস্য সচিব আব্দুল্লা আল মামুন।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সাবেক সাধারণ সম্পাদক মহিদুল ইসলাম, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক প্রধান বক্তা এনামুল হক শাহ মুকুল, পৌর বিএনপির সাবেক যগ্ম সাধারণ ও সমন্বয়ক ইবকাল হোসেন, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক মালেক মন্ডল, দর্শনা পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলম রবি, পৌর বিএনপির সাবেক সহ-সাংগঠিক সম্পাদক সাইফুল ইসলাম মুকুল। অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা থানা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহবায়ক রিয়েল ইসলাম লিয়ন ।